# নাজিরহাট পৌরসভা

ফটিকছড়ি,চট্টগ্রাম।

## নাজিরহাট পৌরসভার ৩য় TLCC (শহর সমন্বয় কমিটি)-এর কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব এ কে জাহেদ, মেয়র, নাজিরহাট পৌরসভা,চট্টগ্রাম। |
| তারিখ | ঃ | ২৮/০৫/২০২৪খ্রিঃ। |
| সময় | ঃ | বিকাল ৩.৩০ ঘটিকা। বার- মংগলবার। |
| স্থান | ঃ | নাজিরহাট পৌরসভা কার্যালয়, চট্টগ্রাম। |
| সভার উপস্থিতি | ঃ | **পরিশিষ্ট "ক"-তে বর্ণিত।** |

সভাপতি সভার প্রারম্ভে উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানান এবং পবিত্র কোরআন তেলাওয়াতের মধ্য দিয়ে সভা শুরু করা হয়। এরপর তিনি টিএলসিসি সভার গুরুত্বারোপ করে এলাকার উন্নয়নে সকলের সহযোগিতা ও সমন্বয়ের মাধ্যমে নাজিরহাট পৌরসভাকে সামনের দিকে এগিয়ে নেওয়ার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করে উপস্থিত সকলকে সভার আলোচ্যসূচী অনুযায়ী উন্মুক্ত আলোচ্য বিষয়ের উপর আলোচনা করার জন্য অনুরোধ করেন। এরপর আলোচনা অনুষ্ঠিত হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১। | **বিগত সভার কার্যবিবরণী অনুমোদন সংক্রান্ত ঃ-** বিগত ১০/০৩/২০২৪ইং তারিখের ২য় সভার কার্যবিবরণী সভাপতির অনুমতিক্রমে সভায় পাঠ করে শুনানো হয়। এরপর এতদ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়। | গত ১০/০৩/২০২৪ইং তারিখের ২য় সভার কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। | সংশ্লিষ্ট বিভাগ অত্র পৌরসভা। |
| ০২। | **উন্নয়নমূলক কাজ সংক্রান্ত আলোচনা ঃ-** এ প্রসংগে সভাপতি জানান, চলতি ২০২৩০২৪ অর্থবছরে রাজস্ব তহবিলের আওতায় বিগত বছরের বেশ কিছু প্রকল্প চলতি বছরে এডিপি দ্বারা প্রকল্প, বৈদেশিক সংস্থার আওতায় কোভিড-১৯ প্রকল্পের অধীনে ১টি প্যাকেজের আওতায় পৌরসভার বিভিন্ন ওয়ার্ডে কাজ চলমান রয়েছে। গুরুত্বপূর্ণ নগর অবকাঠামো প্রকল্প, কোভিড-১৯ প্রকল্প, নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প (IUGIP) এর অধীনে ইতোমধ্যে চলতি অর্থবছরে বরাদ্দ পাওয়া গিয়াছে। কিছু কিছু কাজের দরপত্র আহবান করা হয়েছে। আরো কিছু প্রকল্পের দরপত্র আহবানের প্রক্রিয়া চলমান রয়েছে। ইনশাআল্লাহ এলাকায় তথা বিভিন্ন ওয়ার্ডে এসব বড় বড় কাজগুলো বাস্তবায়ন হলে এলাকায় কাজগুলো দৃশ্যমান হবে। যথাসময়ে প্রকল্প শেষ করতে পারলে বরাদ্দের পরিমাণ পরবর্তী অর্থবছরে আরো বৃদ্ধি পাবে। এ বিষয়ে এবং সর্বোপরি উন্নয়নমূলক কাজ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়। উপস্থিত সদস্যগন সন্তোষ প্রকাশ করেন। উপস্থিত সকলেই জানান, পৌরসভায় আরো বেশী বরাদ্দ পাওয়ার লক্ষ্যে চলমান কাজ সমূহ দ্রুত শেষ করতে হবে, টেকসই উন্নয়নের জন্য কাজের গুনগত মান নিশ্চিত করতে হবে, সম্মানিত কাউন্সিলরগণকে কাজের ঠিকাদারদের সাথে যোগাযোগক্রমে এলাকার উন্নয়নের স্বার্থে বাস্তবায়নের উদ্যোগ নিতে হবে। কাজসমুহ যথাসময়ে শেষ করতে পারলে এলাকার চিত্র সম্পূর্ণরূপে পাল্টে যাবে। তাঁরা আরো জানান, কাজের এ ধারা অব্যাহত থাকলে নাজিরহাট পৌরসভার অধিকাংশ রাস্তা-ঘাটের কাজ থাকবে না। উপস্থিত সকলেই সন্তোষ প্রকাশ করে মেয়র মহোদয় ও পৌর পরিষদকে আন্তরিক ধন্যবাদ জানানোর মধ্য দিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>ক) জনাব এস এম সেলিম উদ্দিন, সদস্য, টিএলসিসি, ২নংওয়ার্ড ঃ- তিনি তার ওয়ার্ডাধীন বর্ণিত সড়কগুলো এলাকার জন্য অপরিহার্য্য হওয়াতে জনস্বার্থে সংস্কার ও উন্নয়নের আহবান জানান। ১। ছৈয়দ বাড়ি জামে মসজিদ সড়ক ২। সুয়াবিল নবারুন সংঘ ক্লাব এর চাল ক্ষতি গ্রস্থ হওয়ায় তা জরুরীভিত্তিতে সংস্কার করা এবং ৩। পৌর এলাকার কমিউনিটি ক্লিনিক এলাকার গরীব, অসহায় লোকদের জন্য খুবই দরকারী বিধায় কমিউনিটি ক্লিনিকগুলো সংস্কার করা। | ১। কাজের গুনমতমান বজায় রেখে চলমান কাজ সমূহ দ্রুত শেষ করার জন্য সুপারিশসহ সিদ্ধান্ত গৃহিত হয়।<br>২। টেকসই উন্নয়নের স্বার্থে টিএলসিসি সম্মানিত সদস্যগনকে স্ব স্ব এলাকায় সরজমিনে থেকে কাজের গুনগত মান নিশ্চিত করার জন্য সুপারিশ সহকারে সিদ্ধান্ত হয়।<br>৩। বর্ষা শুরু হওয়ার আগেই রাজস্ব ও এডিপি দ্বারা চলমান কাজ দ্রুত শেষ করার বিষয়েও সুপারিশসহ সিদ্ধান্ত গৃহিত হয়।<br>৪। দরপত্র আহবানের প্রক্রিয়াধীন প্রকল্পের দ্রুত দরপত্র আহবানের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>৫। সম্মানিত কাউন্সিলরগণকে তাদের ওয়ার্ডাধীন প্রকল্পের কাজ দ্রুত শুরু করে শেষ করার জন্য সংশ্লিষ্ট ঠিকাদারের সাথে যোগাযোগক্রমে বাস্তবায়নের উদ্যোগ গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>৬। ১। ছৈয়দ বাড়ি জামে মসজিদ সড়ক ২। সুয়াবিল নবারুন সংঘ ক্লাব এর চাল ক্ষতি গ্রস্থ হওয়ায় তা জরুরীভিত্তিতে সংস্কার করা এবং ৩। পৌর এলাকার কমিউনিটি ক্লিনিক এলাকার গরীব, অসহায় লোকদের জন্য খুবই দরকারী বিধায় কমিউনিটি ক্লিনিকগুলো সংস্কার করার বিষয়ে সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলরগণকে অগ্রাধিকার ভিত্তিতে বাস্তবায়নের জন্য ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রকৌশল বিভাগ, পৌর পরিষদ, টিএলসিসি এর সদস্যগণ, অত্র পৌরসভা |

| | | | |
|---|---|---|---|
| ০৩। | **পৌরসভার কর আদায় ও কর নিরূপন সংক্রান্ত ঃ**-সভাপতি বলেন, পৌরসভার প্রধান রাজস্ব আয় হচ্ছে পৌরকর। প্রতিটি হোল্ডিং এর বিপরীতে বাড়ী-ঘর, বাণিজ্যিক ভবনের উপর পৌরকর প্রদান বাধ্যতামূলক। তা সত্বেও সম্মানিত করদাতাগণ যথাসময়ে পৌরকর পরিশোধ না করায় পৌরকর দিন দিন বকেয়া থেকে যাচ্ছে এবং এর বৃদ্ধি পাচ্ছে। এতে করে কর দাতাগনের বকেয়া করের বোঝা বেড়ে যাচ্ছে অপরদিকে উন্নয়ন কার্যক্রম ব্যাহত হচ্ছে। ইতোমধ্যে এ পৌরসভা নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্পে (IUGIP) অন্তর্ভূক্ত হয়েছে আরো কয়েকটি প্রকল্পে অন্তর্ভূক্ত হওয়ার জন্য প্রক্রিয়াধীন রয়েছে। এসব প্রকল্পে অন্তর্ভূক্ত হতে হলে তাদের শর্তানুযায়ী বছরওয়ারী শতকরা ৭৫% পৌরকর আদায় করতে হবে। সে হিসেবে পৌরসভার আদায়ের হার সন্তোষজনক নয়। পৌরসভায় ইতোমধ্যে কর নিরূপনের কাজ শেষ হয়েছে। নবগঠিত পৌরসভা হিসেবে কাউন্সিলর ও সকলের সহযোগিতার মাধ্যমে সামর্থের কথা বিবেচনা করে কর পরিশোধের উদ্যোগ নেওয়া হয়েছে। সকলের আন্তরিক সহযোগিতা ও কাউন্সিলরগণের আন্তরিকতায় নাগরিক সেবা যথাযথভাবে প্রদানের লক্ষ্যে সর্বাত্মক প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন। তিনি যার যার অবস্থান থেকে পৌরকর পরিশোধের জন্য সকলকে সচেতন করা ও উদ্বুদ্ধ করার আহবান জানান। পৌর করের উপর পৌরসভার সামগ্রিক উন্নয়ন নির্ভরশীল। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে কমিটির সম্মানিত সদস্যগণ বলেন, পৌরকর পরিশোধ করা সকল নাগরিকের দায়িত্ব। পৌরকর ব্যতিত সামগ্রিক উন্নয়ন বাধাগ্রস্থ হবে এবং দাতা সংস্থাগন উন্নয়ন কাজ করতে অনীহা প্রকাশ করে থাকেন। তাই উন্নয়নের স্বার্থে নিয়মিত বকেয়া ও হালসনের পৌরকর পরিশোধের জন্য সকলকে স্ব স্ব অবস্থান থেকে উদ্বুদ্ধ করার আহবান জানান।<br>**) কর নিরূপনের বিষয়ে সভাপতি জানান, প্রায় শেষ পর্যায়ে পৌরকর পরিশোধে সকলকে অভ্যস্থ করার জন্য যৌক্তিক পর্যায়ে কর নিরূপনের জন্য সংশ্লিষ্ট কর নির্ধারককে বলা হয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। পৌর এলাকার অধিকাংশ পৌরবাসী মধ্যবিত্ত ও নিম্নমধ্যবিত্ত। তাদের আয় ও সামর্থ্য বিবেচনা করে যৌক্তিক পর্যায়ে কর নিরূপনের জন্য সভাপতির দৃষ্টি আকর্ষন করেন। | ১। সম্মানিত সদস্যগণকে যার যার অবস্থান থেকে বাড়ী-ঘরের পৌরকর নিয়মিত পরিশোধ করার আহবান জানানো এবং উদ্বুদ্ধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২। সম্মানিত ওয়ার্ড কাউন্সিলরগণ এলাকার গণ্যমান্য ব্যক্তিদের নিয়ে উঠান বৈঠকের মাধ্যমে প্রতিটি মহল্লায় সচেতন করে পৌরকর পরিশোধে অভ্যস্থ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৩। প্রতিটি ওয়ার্ডের সম্মানিত করদাতাগণকে নিয়মিত পৌরকর পরিশোধ করে পৌর উন্নয়নে সার্বিক সহযোগিতা করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৪। পৌরবাসীগণের আয় ও সামর্থ্য বিবেচনা করে যৌক্তিক পর্যায়ে কর নিরূপনের সুপারিশ করা হয় এবং কর নির্ধারককে বলার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>৫। সম্মানিত পৌরবাসীগণ প্রতিবছর তাদের গৃহকর/পৌরকর ৭৫% আদায়ে সহযোগিতা করার এবং নিয়মিত পরিশোধ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | কাউন্সিলর (সকল) ও প্রশাসন বিভাগের সংশ্লিষ্ট শাখা অত্র পৌরসভা। |

**সভাপতির বক্তব্য** ঃ- সভাপতি তাঁর বক্তব্যে পুনরায় বলেন, নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প (IUGIP)-এর আওতায় বিভিন্ন প্রকল্প হাতে নেওয়া হয়েছে। এর অংশ বিশেষ ১মপর্যায়ে ১২/১৩ কোটি টাকা বরাদ্দ জুনের ১ম সপ্তাহে পাওয়া যাবে। বরাদ্দ পাওয়া মাত্র ই-জিপি-তে দরপত্র আহবান করা হবে। কোভিড-১৯ ও গুরুত্বপুর্ণ নগর অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় ইতোমধ্যে দরপত্র আহবান করা হয়। প্রক্রিয়া শেষে শীঘ্রই কার্যাদেশ প্রদান করা হবে। কাজের গুনগতমান বজায় রাখার স্বার্থে সম্মানিত সকল সদস্যগণকে স্ব স্ব ওয়ার্ডের কাজসমূহ দেখভাল করার আহবান জানান। পৌরসভাকে সামনের দিকে এগিয়ে নিতে হলে সকলের সহযোগিতা অবশ্যই প্রয়োজন। সেজন্য সকলের সহযোগিতা কামনা করেন। পাশাপাশি যে কাজগুলো চলমান সে কাজগুলো দেখভাল করার দায়িত্ব পৌরবাসীর। পৌরকর পরিশোধ করা পৌরবাসীর নাগরিক দায়িত্ব। দাতা সংস্থার শর্তানুযায়ী প্রকল্পে অন্তর্ভূক্ত করতে হলে ৭৫% পৌরকর প্রতিবছর আদায় থাকতে হবে। পৌরসভার উন্নয়নের স্বার্থে সকলকে পৌরকর পরিশোধের জন্য এগিয়ে আসতে হবে। সেজন্য সম্মানিত সকলকে স্ব স্ব অবস্থান থেকে কর পরিশোধের জন্য আহবান জানাতে হবে এবং বুঝাতে হবে। পৌর পরিষদ কাজ করতে গিয়ে কোন ধরনের ভূল-ভ্রান্ত হলে তা তুলে ধরার, ভুল দেখিয়ে দেওয়ার এবং পৌরসভার নজরে আনার জন্য সম্মানিত সকল সদস্যগণকে বিনীত অনুরোধ জানান।

পরিশেষে, আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে আবারো ধন্যবাদ জানিয়ে এবং সকলের সু-স্বাস্থ্য ও সার্বিক সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(এ কে জাহেদ)
মেয়র ও সভাপতি
TLCC
নাজিরহাট পৌরসভা
ফটিকছড়ি,চট্টগ্রাম।

স্মারক নং-নাহপৌঃ/প্রশাঃবিঃ/২০২৪-২৫৩/১(৫০) তারিখ-১৩/০৬/২০২৪ইং

<u>অনুলিপি</u> ঃ সদয় অবগতির জন্য ঃ-

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।

২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

৩। জেলা প্রশাসক, চট্টগ্রাম।

৪। প্রকল্প পরিচালক, IUIGP, এলজিইডি, আগারগাঁও, ঢাকা।

৫। উপ-পরিচালক, আরএমএসইউ, এলজিইডি, চট্টগ্রাম।

<u>অবগতি ও কার্যার্থে</u> ঃ-

৬। জনাব ........................................................কাউন্সিলর, ..............নং ওয়ার্ড, নাজিরহাট পৌরসভা, চট্টগ্রাম।

৭। পৌর নির্বাহী কর্মকর্তা/সহকারী প্রকৌশলী, নাজিরহাট পৌরসভা, চট্টগ্রাম।

৮। ......................................................................, সদস্য, TLCC, নাজিরহাট পৌরসভা, চট্টগ্রাম।

৯। অফিস নথি।

(এ কে জাহেদ)
মেয়র
নাজিরহাট পৌরসভা
ফটিকছড়ি,চট্টগ্রাম।